



• 299 29

৬ দৈনিক ইনকিলাব

# আল্-বুর্হান

বিহু মিল্লাহির রাহমানির রাহীম  
পুনঃ বরকতাময় দ্বারা আল্লাহর নামে আরম্ভ করছি

॥ ছুবহানাল্লাজি আছরা বিআবদিহি লাইলাম মিনাল্ মাছাজ্জিদিল্ হারামি ইলাল্ মাসজ্জিদিল্ আকছাল্লাজি বারাকনা হাউলাছ লিনুরিয়াছ মিন্ আইয়াতিনা; ইলাহ্ ছয়াছ ছামিউল্ বাছির ॥  
(পবিত্র ও মহিমময় তিনি যিনি স্বীয় বান্দাকে রজনীযোগে ভ্রমণ করিয়েছিলেন মসজিদুল্ হারাম হতে মসজিদুল্ আকসা পর্যন্ত যার পরিবেশ আমি করেছিলাম বরকতময় তাঁকে আমার নিদর্শনাবলী দেখানোর জন্য, তিনিই সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।)

[পারা-১৫, সূরা বাণী ইসরাইল, আয়াত-১]

॥ ওয়া ছয়া বিল্ উফুকিল্ আলা ॥ ছুন্না দানা ফাতাদাল্লা ॥ ফাকানা ক্বাবা ক্বাউছাইনি আউ আদনা ॥ ফাআউহা ইলা আবাদিহি মা আউহা ॥

(তিনি ছিলেন উর্ধ্বদিগন্তে। তারপর তিনি তাঁর নিকটবর্তী হলেন, অতি নিকটবর্তী। ফলে তাঁদের মাঝে দুই ধনুকের ব্যবধান রইলো কিংবা ইহারও কম। তখন আল্লাহ তাঁর বান্দাহর প্রতি যা প্রত্যাদেশ করবার তা প্রত্যাদেশ করলেন।)

[পারা-২৭, সূরা নজম, আয়াত ৭, ৮, ৯, ১০]